

বাংলাদেশ জাতীয় জাদুঘর  
শাহবাগ, ঢাকা-১০০০।

বিষয় : সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন শাখা জাদুঘরের সমন্বয়ে ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

তারিখ : ৩০ সেপ্টেম্বর ২০২৩, শনিবার বেলা ২.৪৫ টা

স্থান : বাংলাদেশ জাতীয় জাদুঘর পর্যদ সভাকক্ষ।

সভাপতি: মো. কামরুজ্জামান, মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর।


সভার শুরুতে সভাপতি আমন্ত্রিত অতিথিদের স্বাগত জানিয়ে বলেন, নিদর্শন প্রদর্শনের পাশাপাশি বাংলাদেশ জাতীয় জাদুঘর ও শাখা জাদুঘরসমূহে সিটিজেন চার্টারে সংযোজিত নাগরিক সেবা নিয়মিত প্রদান করে। সিটিজেন চার্টার যে সকল নাগরিক সেবা সংযোজন করা হয়েছে, জনবান্ধব জাদুঘর বাস্তবায়নের লক্ষ্যে সিটিজেন চার্টার পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন, বিয়োজন এবং আধুনিকায়ণের জন্য গঠিত কমিটির আহ্বায়ক সমকালীন শিল্পকলা ও বিশ্বসভ্যতা বিভাগের উপ-কীপার জনাব শক্তিপদ হালদারকে মহাপরিচালক মহোদয় অনুরোধ জানান।

জনাব শক্তিপদ হালদার সভাপতির সম্মতি নিয়ে বলেন, বাংলাদেশ জাতীয় জাদুঘর ও শাখা জাদুঘরসমূহের সিটিজেন চার্টারে বিভিন্ন সেবা সংযোজন ও হালনাগাদ করা করেছে। জাদুঘরের ওয়েবসাইটেও সিটিজেন চার্টার সংযুক্ত রয়েছে যা নিয়মিত হালনাগাদ করা হয়। সেই সাথে সেবা প্রদানের ক্ষেত্রে কোন অভিযোগ/পরামর্শ প্রদানের সুযোগ রয়েছে বলেও সকলকে অবহিত করেন। সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী জাদুঘর এবং শাখা জাদুঘরসমূহের কি কি কাজ সম্পাদন করা প্রয়োজন সে বিষয়গুলো তুলে ধরেন। এরপর সভাপতি সেবার গুণগতমান উন্নয়নের জন্য শাখা জাদুঘরসমূহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অনুরোধ জানান। উল্লেখ্য, সিটিজেন চার্টার বিষয়ে শাখা জাদুঘরের সমন্বয়ে আয়োজিত ১ম ত্রৈমাসিক সভায় ৪টি শাখা জাদুঘরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অংশগ্রহণ করেন। (পরিশিষ্ট ১)।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত
১.	মহাপরিচালক মহোদয় বলেন, ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক অগ্রগতি হালনাগাদকরণ নির্ধারিত সময়ে বাস্তবায়ন করতে হবে। লক্ষ্যমাত্রা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ/সেমিনার নভেম্বর ২০২৩ মাসের মধ্যে আয়োজন করা যেতে পারে।	ক) ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক অগ্রগতি হালনাগাদকরণ কমিটি মনিটরিং করবে। খ) প্রশিক্ষণ/সেমিনার আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা কমিটি গ্রহণ করবেন।

সভাপতি শাখা জাদুঘরের প্রস্তাবনাগুলো গুরুত্বের সাথে পর্যালোচনা করে যথাযথ ব্যবস্থা গ্রহণের আশ্বাস প্রদান করে সভার কাজ সমাপ্ত করেন।

  
(মো. কামরুজ্জামান)


মহাপরিচালক  
বাংলাদেশ জাতীয় জাদুঘর

স্মারক নম্বর: ৪৩.২২.০০০০.০১২.০২.০২১.২২. ২২৯২/১৩০

তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২৩

অনুলিপি: সদয় অবগতির জন্য

- ১। -----বিভাগ/শাখা প্রদান, বাংলাদেশ জাতীয় জাদুঘর।
- ২। মহাপরিচালক মহোদয়ের প্রটোকল কর্মকর্তা, বাংলাদেশ জাতীয় জাদুঘর।
- ৩। সচিব মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ জাতীয় জাদুঘর।

  
৩০/০৯/২০২৩

রাশেদুল আলম প্রদীপ

আইসিটি শাখা প্রধান ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা  
সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ ও পরিমার্জন কমিটি  
বাংলাদেশ জাতীয় জাদুঘর